

**REGIONAL NEWS UNIT
ALL INDIA RADIO, AGARTALA**

Date : 7-06-2025

**Time: 07.35-07.40 AM Hrs
BENGALI MORNING BULLETIN**

Idd ul Azha :

আজ মুসলিম সম্প্রদায়ের অন্যতম উৎসব ইদ-উল-আজহা। ত্যাগ ও সৌভ্রাত্বের এই উৎসবকে কুরবানী ঈদ বা বকরী ঈদও বলা হয়। এই উৎসব সর্বশক্তিমান আল্লাহের প্রতি ভক্তির প্রতীক। আজ সকাল ৮টায় আগরতলার শিবনগর গেদুর্মিয়া মসজিদ প্রাঙ্গণে কেন্দ্রীয় নামাজ আদায় করা হবে। বকরি ঈদ উপলক্ষে আজ রাজ্যে সরকারী ছুটি ঘোষণা করা হয়েছে। রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু, মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা ঈদ উল আজহা উপলক্ষ্যে রাজ্যবাসীকে শুভেচ্ছা জানিয়েছেন। এদিকে ঈদ উল আজহা উপলক্ষে বামফ্রন্ট রাজ্য কমিটি রাজ্যবাসীকে শুভেচ্ছা জানিয়েছে।

PM, J&K :

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন মেগা পরিকাঠামো প্রকল্পগুলির উদ্বোধন জম্মু ও কাশ্মীরের উন্নয়ন যাত্রায় এক গুরুত্বপূর্ণ মোড়। কাটরায় চেনাব সেতু এবং আজ্জি খাদ সেতু উদ্বোধন করে শ্রী মোদী উল্লেখ করেন যে অত্যাধুনিক চেনাব সেতু জম্মু ও শ্রীনগরের মধ্যে যোগাযোগ উন্নত করবে। তিনি বলেন কাশ্মীর থেকে কন্যাকুমারী পর্যন্ত দেশ এখন রেল নেটওয়ার্কের সঙ্গে সংযুক্ত। চেনাব এবং আজ্জি সেতু জম্মু ও কাশ্মীরের সমৃদ্ধির প্রবেশদ্বার হিসেবে কাজ করবে। গতকাল প্রধানমন্ত্রী ৪৬ হাজার কোটি টাকারও বেশি মূল্যের একাধিক উন্নয়ন প্রকল্প জাতির উদ্দেশ্যে উৎসর্গ করেন।

Vikshit Krishi Sankalpa Abhiyan :

বিকশিত কৃষি সংকল্প অভিযানের অঙ্গ হিসেবে গতকাল সিপাহিজলা জেলার সংকুমাবাড়ি, জম্পুইজলা ও তুইমা গ্রামে মৎস্য চাষ, তার প্রচার প্রসার ইত্যাদি বিষয়ে বক্তব্য রাখেন লেঞ্চুছড়াস্থিত মৎস্য মহাবিদ্যালয়ের অ্যাসিস্ট্যান্ট প্রফেসর ড. অমিতাভ ঘোষ। তিনি মৎস্য মহাবিদ্যালয়ে মৎস্য চাষীদের জন্য বিভিন্ন প্রশিক্ষণ ও সুযোগ সুবিধার কথা তুলে ধরেন।

গতকাল দক্ষিণ জেলার রূপাইছড়ি ব্লকের ৯টি স্থানে কৃষি বিজ্ঞানীদের তিনটি দল কৃষকদের সঙ্গে মত বিনিময় করেন। উত্তর মনুবনকুল ও দক্ষিণ মনুবনকুলে আয়োজিত সভায় বিধায়ক মাইলাফ্রু মগ তাদের কৃষিকাজ বিষয়ক নানা পরামর্শ দেন।

বিকশিত কৃষি সংকল্প অভিযানের অঙ্গ হিসেবে মাতাবাড়ি ব্লকের চন্দ্রপুর ভিলেজ গ্রাম পঞ্চায়েতে এক সভা অনুষ্ঠিত হয়। সভায় কৃষকদের সঙ্গে মতবিনিময় করেন কৃষি বিজ্ঞানী সহ স্থানীয় বিধায়ক অভিষেক দেবরায়।

NEET-PG :

সুপ্রিমকোর্ট ন্যাশনাল বোর্ড অফ এক্সামিনেশনস, NBEকে আগামী তেসরা আগস্ট, এক শিফটে NEET-PG ২০২৫ পরীক্ষা আয়োজনের অনুমতি দিয়েছে। এই পরীক্ষাটি ১৫ জুন অনুষ্ঠিত হওয়ার কথা ছিল। শীর্ষ আদালত জানিয়েছে যে NEET PG 2025 অনুষ্ঠিত করার জন্য NBE-কে আর কোনও সময় দেওয়া হবে না।

World Bank delegation ;

বিশ্ব ব্যাংকের তিন সদস্যের প্রতিনিধি দল গতকাল ধর্মনগরে কয়েকটি আগর শিল্প ইউনিট পরিদর্শন করেন। তারা আগর শিল্পের সম্ভাবনা নিয়ে আগর চাষী এবং ব্যবসায়ীদের সঙ্গে মতবিনিময় করেন।

Felicitation :

কৈলাশহর পুর পরিষদের উদ্যোগে গতকাল ঊনকোটি কলাক্ষেত্রে এক অনুষ্ঠানে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পরীক্ষায় ১১২ জন কৃতি শিক্ষার্থীদের সংবর্ধনা দেওয়া হয়। উপস্থিত ছিলেন কৈলাশহর পুর পরিষদের চেয়ারপার্সন চপলা রানী দেবরায়।

Plastic Free Society :

প্লাষ্টিক এর ব্যাগ এর পরিবর্তে পরিবেশ বান্ধব কাপড়ের ব্যাগ ব্যবহারে মানুষকে উদ্বুদ্ধ করতে উদ্যোগী হলেন আগরতলা পুর নিগমের ২০ নং ওয়ার্ড কর্পোরেটর রঞ্জা দত্ত। এই বছর বিশ্ব পরিবেশ দিবসের ভাবনা প্লাষ্টিক মুক্ত সমাজ গড়া। সেই লক্ষে গতকাল স্থানীয় ব্যবসায়ীদের মধ্যে কাপড়ের ব্যাগ বিতরণ করেন তিনি।

Drama Competition :

সিপাহীজলা জেলাভিত্তিক ভীষ্মদেব স্মৃতি শিশু নাটক প্রতিযোগিতা গতকাল বিশ্রামগঞ্জ শচীন দেববর্মন স্মৃতি কলাক্ষেত্রে অনুষ্ঠিত হয়েছে। উদ্বোধন করেন সিপাহীজলা জেলার অতিরিক্ত জেলাশাসক রিঙ্কু রাঠোর। প্রতিযোগিতায় জেলার ১০টি বিদ্যালয় থেকে ১০টি নাট্যদল অংশগ্রহন করেছে।

Health Camp :

আগরতলা গভর্নমেন্ট মেডিকেল কলেজের উদ্যোগে, অল ত্রিপুরা গভর্নমেন্ট ডক্টরস অ্যাসোসিয়েশন, ছামনু সামাজিক স্বাস্থ্য কেন্দ্রের সহায়তায় গতকাল লংতরাইভ্যালীতে এক স্বাস্থ্য ও রক্তদান শিবির অনুষ্ঠিত হয়েছে। শিবিরে মোট ৪১৮ জন রোগীকে চিকিৎসা পরিষেবা প্রদান করা হয়েছে। শিবিরে ১৮ জন রক্তদান করেন।

Summer Sports Camp :

দক্ষিণ জেলা প্রশাসন আয়োজিত ১৭ দিনব্যাপী গ্রীষ্মকালীন ক্রীড়া শিবির গতকাল শেষ হয়েছে। ১৭টি ইভেন্টে ৩,৪৮৮ জন ছাত্রছাত্রী শিবিরে অংশগ্রহণ করে।

Weather :

আগামী ২৪ ঘন্টায় রাজ্যের সব জেলায় বিক্ষিপ্তভাবে ভারী বৃষ্টি সঙ্গে বজ্রপাতের সতর্কতা জারি করেছে আবহাওয়া দপ্তর। আজ দিনের তাপমাত্রা সর্বোচ্চ ৩৪ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৫ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। আজ ভোরে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৬ দশমিক ৮ ডিগ্রি সেলসিয়াস।
